ঝিনাইদহে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ঝিনাইদহ জেলায় ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০২৩ সদর উপজেলা অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে সদর উপজেলা সভাকক্ষে উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মনোজিৎ কুমার, মেডিকেল অফিসার ডাঃ ফয়সাল আহমেদ, স্বাস্থ্য পরিদর্শক ইনচার্জ নাজিম উদ্দীন জোয়ার্দার, উপজেলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ইউপি চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস,পারভেজ মাসুদ লিল্টন, জাহাঙ্গীর আলম, আতিকুল হাসান মাসুম, সিরাজুল করিমসহ জনপ্রতিনিধি, সাংবাদিক ও স্বাস্থ্য বিভাগের ৬০ জনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অবহিতকরণ কর্মশালায় অংশ নেয়।

মুজিবনগরে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ব্যাপকহারে কুকুরকে টিকাদান (এমডিভি) কার্যক্রমের অংশ হিসাবে মুজিবনগর উপজেলা থেকে জলাতঙ্ক রোগ নির্মূলের লক্ষ্যে অবহিত করণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সভাকক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান এর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার তৌফিক আহমেদ, মুজিবনগর প্রাণিসম্পদ অফিসের ডা: তানিয়া, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুবুল আলম রবি, স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রণ) ডা: আবু সাঈদ,সিডিসি, ডিজি,এইচএস এর এমডিভি সুপারভাইজার আজহারুল ইসলাম, সিডিসি স্বাস্থ্য অধিদপ্তরের এমডিভি এর ফিল্ড সুপারভাইজার মনির মুন্সি সহ সাংবাদিক, টিকাদান কর্মসূচিতে নিয়োজিত কর্মকর্তারা।

মুজিবনগর থেকে জলাতঙ্ক রোগ নির্মূল করতে আগামী ১০ই ফেব্রুয়ারি থেকে ১৫ই ফেব্রুয়ারি ৫ দিন ব্যাপক হারে কুকুরের ভ্যাকসিন কার্যক্রম পরিচালিত হবে।